মেহেরপুরে দ্রুতগতির বাইক দুর্ঘটনা, ২ কিশোর আহত

মেহেরপুরের শোলমারী সড়কের তেরঘরিয়া বিলের কাছে দ্রুতগামী মোটরাসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে মোঃ শাওন আলী (১৪) ও মোঃ সৌরভ
(১৭) নামের ২ কিশোর আহত হয়েছেন।

আহত মোঃ শাওন আলী সদর উপজেলা শোলমারী পাঠানপাড়া এলাকার আশরাফ আলীর ছেলে এবং মোঃ সৌরভ একই গ্রামের জিব্রাইল ওরফে জিতু’র ছেলে।

আহতদের মেহেরপুর-২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানান, আহতরা মোটরসাইকেল যোগে শোলমারী থেকে মেহেরপুর আসছিল। তারা মেহেরপুর শোলমারীর মাঝামাঝি তেরঘরিয়া বিলের রাস্তার পাশে পৌঁছালে মোটরসাইকেল চালক নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি পাওয়ার টিলারকে ধাক্কা মারে। এতে ওই দুই কিশোর আহত হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে।

আহত শাওন আলীর অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রাজমিস্ত্রি নিহত

কাজ করতে গিয়ে অসাবধানতা বিদ্যুতের তারে জড়িয়ে রাজমিস্ত্রি রুবেল হোসেন (২৫) নিহত হয়েছেন। রুবেল গাংনী পৌর শহরের বাঁশবাড়িয়া গ্রামের গোরস্থানপাড়া এলাকার জেল হকের ছেলে।

আজ বুধবার (১৭ মে) বেলা সাড়ে ১১টার দিকে এ দুর্ঘটনাটি ঘটে।

স্থানীয়দের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, রুবেল নিত্যনন্দনপুরের পন্ডিত মন্ডলের ছেলে ন্যাড়া মন্ডলের বিল্ডিংয়ে রাজমিস্ত্রির কাজ করছিলেন। অসাবধান বশত বিদ্যুতের তারে শরীর স্পর্শ করলে ,মারাত্বক ভাবে আহত হন তিনি। পরে তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে, কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনীতে ছাত্রীর উপর শিক্ষকের বর্বরতা

বিদ্যালয়ে এক দিনের অনুপস্থিত হওয়ার জন্য লাভলী খাতুন ও শাহানাজ আক্তার নামের দুই ছাত্রীকে ছড়ি দিয়ে পিটিয়ে অজ্ঞান করলেন শিক্ষক। লাভলী খাতুন গাংনী উপজেলার দেবীপুর ডিজিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের ৭ম শ্রেনীর ছাত্রী ও ওই গ্রামের আমিনুল ইসলামের মেয়ে, শাহানাজ খাতুন একই ক্লাসের ছাত্রী ও দেবীপুর গ্রামের আক্তার হোসেনের মেয়ে।

আজ বুধবার (১৭ মে) সকাল ৯ টার দিকে এই মারপিটের ঘটনা ঘটে। এনিয়ে অভিযুক্ত শিক্ষক জসিম উদ্দীনের বিরুদ্ধে ফুঁসে উঠেছে স্থানীয়রা।

স্থানীয় হোমিওপ্যার্থী ডাক্তার শরীফুল ইসলাম জানান, লাভলী খাতুন ও শাহানাজ খাতুন নামের ছাত্রী শারীরিক অসুস্থতার কারণে একদিন বিদ্যালয়ে অনুপস্থিত ছিলো। আজ সকালে বিদ্যালয়ে আসলে তাদের কাছ থেকে ২০ টাকা ফাইন চান শিক্ষক জসিম উদ্দীন। তারা ফাইন দিতে না পারায় স্কেল দিয়ে বেদম প্রহার করতে থাকে। এক পর্যায়ে লাভলী খাতুন জ্ঞান হারিয়ে ফেলে। পরে অন্যান্য শিক্ষার্থীরা তাকে পানি ঢেলে সুস্থ করেন। বিষয়টি জানাজানি হলে গ্রামের লোকজন ও স্থানীয় ইউপি সদস্য হিরোক হোসেন ঘটনাস্থলে পৌছান।

ইউপি সদস্য হিরোক জানান, আমি শুনেছি দুই ছাত্রীকে স্কেল দিয়ে পিটিয়েছে। তবে, একটা মারেই নাকি তার মাথা ঘুরে গেছে। বিষয়টি নিয়ে

প্রধান শিক্ষকের সাথে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে বসেছি।

এব্যাপারে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুল বাকী বলেন, আমি কিছুই জানতাম না। গাংনীতে ছিলাম। খবর পেয়ে বর্তমানে স্কুলে এসেছি। আমার সাথে স্থানীয় ইউপি মেম্বর আছেন। এছাড়াও গণ্যমান্য ব্যক্তিবর্গ আছেন একটা সুরাহা হয়ে যাবে। বিদ্যালয়ে অনুপস্থিতির জন্য ২০ টাকা করে ফাইন নেওয়া ও ছড়ি ব্যবহার করে মারপিটের কোনো অনুমোদন আছে কিনা এমন প্রশ্নে তিনি বলেন, এসব ব্যাপারে কড়া হুশিয়ারী দেওয়া আছে। ফাইন নেওয়ার কোনো বিধান নেই। আমি এই বিষয়ে কোনো অনুমোদনও দিইনি।

এব্যাপারে ডিজিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলামের মোবাইল ফোনে বারবার ফোন দিলেও তিনি ফোন রিসিভ করেননি।

মেহেরপুর ভ্রাম্যমান আদালত, দুই ব্যবসায়ীর জরিমানা

সিগারেটের অবৈধ প্রচার করার অভিযোগে ফিরোজা খাতুন নামের এক ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ বুধবার বেলা ১২ টার দিকে মেহেরপুর শহরের কোর্ট সড়কে এ মোবাইল কোর্ট পরিচালনা করেন মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী সোহেল।

সরকারি আইন অমান্য করে ফিরোজা খাতুন তার দোকানে সিগারেটের অবৈধ প্রচার করার দায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ ২০০৫ এর ৫ ধারায় ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এ সময় সিগারেটের প্রচার সামগ্রীগুলো বিনষ্ট করা হয়, এছাড়া মুজিবনগর উপজেলার পুরন্দরপুর বাজারে রায়হান মোল্লার খাদ্য প্রতিষ্ঠানে জাপান টোব্যাকো কোম্পানির সিগারেটের প্রচার ও বিজ্ঞাপন

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

মাজা , হাসপাতালে ভর্তি

দাত ব্রাশ করা মাজন ভেবে ইদুর মারা বিষ দিয়ে দাত মেজে শিশু ফাতেমা খাতুন (৩) এখন হাসপাতালে।

ফাতেমা খাতুন গাংনী উপজেলার সানঘাট গ্রামের দাড়িয়াপাড়া এলাকার মহিবুল ইসলামের মেয়ে।

আজ বুধবার (১৭ মে) সকাল ৯ টার দিকে এই ঘটনা ঘটে। শিশু ফাতেমা খাতুন এখন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসাধীন রয়েছে। তবে, তার অবস্থা আশংকামুক্ত বলে জানিয়েছেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেরর জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সুমাইয়া আফরোজ।

ফাতেমার মা হুসনে আরা বলেন, ঘরের মধ্যে চৌকির নিচে ইদুর মারা বিষ ছিল। মেয়ে হামাগুড়ি দিয়ে সেখানে গিয়ে বিষ দাত মাজার পাউডার ভেবে দাত মাজতে শুরু করে। পরে আমি দেখে তাড়াতাড়ি তাকে নিয়ে হাসপাতালে চলে এসেছি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেরর জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সুমাইয়া আফরোজ বলেন, এই প্রথম গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের শিশু রোগীর বিষ শরীর থেকে ওয়াশ করা হলো। এর আগে বিষপান করা শিশুরোগীকে মেহেরপুর বা কুষ্টিয়াতে পাঠানো লাগতো। বর্তমানে শিশুটি সুস্থ আছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার -৮

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৮ আসামি গ্রেফতা হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩ জন, গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২, সিআর মামলায় ১ এবং মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের

পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ জন আসামি গ্রেফতার হয়েছে। মঙ্গলবার সকাল থেকে আজ বুধবার (১৭ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম একাধিক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
পুলিশ সুপার মো: রাফিউল আলমের নির্দেশে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম এই অভিযান চালান।
সংশ্লিষ্ট থানার জরুরী বিভাগ এই তথ্য নিশ্চিত করেছেন।
আজ বুধবার (১৭ মে) সকালের দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর শহরের শহিদ হামিদ সড়ক সংস্কার কাজের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ৭নং ওয়ার্ডের দীর্ঘদিনের অবহেলিত শহিদ হামিদ সড়ক (সাবেক মেয়র মোতাসিম বিল্লাহ মতুর বাড়ি থেকে দবিরের মোড় পর্যন্ত) সংস্কার কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুরের দিকে রাস্তাটি সংস্কার কাজের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

এসময় উপস্থিত ছিলেন ৭নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব,২ নং ওয়ার্ড কাউন্সিলর আব্দুল আল মামুন।

এছাড়া অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর থানা যুবলীগের সভাপতি আনু বিল্লাহ, মেহেরপুর জেলা যুবলীগের সদস্য,সাজেদুর রহমান সাজু, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সফুয়ান আহাম্মেদ রুপক, জেলা ছাত্রলীগের সাবেক সাধারন সম্পাদক মো: জুয়েল রানা প্রমুখ।

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] “[redacted]” [redacted] [redacted] [redacted]

ভিজতে শুরু করেছে। ভিজতে শুরু করেছে ধুলোয় জমা সড়ক। যদিও মোখাকে কেন্দ্র করে কয়েকদিন ধরেই বৃষ্টি হবে বলে জানাচ্ছিল আবহাওয়া অধিদপ্তর।

মেহেরপুর শহরের হালদারপাড়া এলাকার চাকুরীজীবি নাইম রহমান বলেন, টানা গরমে জীবন ছিল ওষ্ঠাগত। টানা গরমের পর বৃষ্টি হওয়ায় ভালো লাগছে। এতেই অনেকটা স্বস্তি এনে দিয়েছে।

উল্লেখ্য, মে মাসের শুরু থেকে মৃদু তাপপ্রবাহ শুরু হয়। বৃষ্টি না থাকায় তীব্র তাপপ্রবাহ ছড়িয়ে পড়ে। তাপপ্রবাহের মাত্রাও মৃদু থেকে তীব্র হয়। প্রচণ্ড গরমে দুর্বিষহ হয়ে ওঠে জনজীবন।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান বলেন, কয়েকটি এলাকায় বৃষ্টির খবর পেয়েছি। পুরো মেহেরপুর জুড়ে আজ রাতে বৃষ্টি হতে পারে।